

স্মারক নং-৩৮.০০.০০০০.০০১.১৭.০০২.১৭-৮৮৪

২১ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ।
তারিখ: -----
০৪ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু জনাব প্রভাষ কুমার বিশ্বাস, ইন্সট্রাক্টর (কম্পিউটার সায়েন্স), পিটিআই, খুলনা (বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত) এর বিরুদ্ধে খুলনা সদর থানার এফআইআর নং ৪২ (জেআর নং-১১১, তারিখ ২৪/০৩/২০১৭), দণ্ডবিধির ধারা ৩০৭/৩২৬/১০৯ অনুযায়ী পি.সি মামলায় শ্রেফতার হওয়ায় ২৩/০৬/২০১৭ তারিখে সরকারি চাকুরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়।

যেহেতু, তিনি বর্ণিত মামলায় শ্রেফতার হয়ে জেল হাজতে অন্তরীণ থাকায় সরকার তাঁকে বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুসারে ২৩/০৬/২০১৭ তারিখ থেকে সরকারি চাকুরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, তিনি ইতোমধ্যে উক্ত মামলা (জেআর নং-১১১, তারিখ ০৯/০১/২০১৮), হতে অব্যাহতি লাভ করেছেন;

যেহেতু, জনাব প্রভাষ কুমার বিশ্বাস, ইন্সট্রাক্টর (কম্পিউটার সায়েন্স), পিটিআই, খুলনা এর নাম চার্জসীট হতে বাদ দেয়া হয়েছে এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক খুলনার বিজ্ঞ অতি: চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট গত ০৯/০১/২০১৮ তারিখের আদেশ নামায় আসামী জনাব প্রভাষ কুমার বিশ্বাস -কে অব্যাহতি প্রদান করা হয়েছে এবং এর বিরুদ্ধে নির্ধারিত ১২/০৩/২০১৮ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট আদালতে কোন আপীল দায়ের করা হয়নি।

সেহেতু, জনাব প্রভাষ কুমার বিশ্বাস, ইন্সট্রাক্টর (কম্পিউটার সায়েন্স), পিটিআই, খুলনা-এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। তিনি বরখাস্ত কালীন সময়ের সকল পাওনাদি বিধি মোতাবেক প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
০৪.৬.২০১৮
(মোহাম্মদ আসিফ-উজ্জ-জামান)
সচিব
ফোন: ৯৫৭১৮০১

স্মারক নং-৩৮.০০.০০০০.০০১.১৭.০০২.১৭-৮৮৪

২১ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ।
তারিখ: -----
০৪ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,-----
- ৮। সুপারিনটেনডেন্ট, খুলনা/বাগেরহাট।
- ৯। জনাব জনাব প্রভাষ কুমার বিশ্বাস, ইন্সট্রাক্টর (কম্পিউটার সায়েন্স), পিটিআই, বাগেরহাট।
- ১০। অফিস কপি।

JR
০৪/০৬/১৮
(নাসরিন জাহান)
উপসচিব (প্রশা-১)